তথ্য কমিশনে ১২/০৪/২০১৭ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ০৭টি অভিযোগের শুনানীশেষে ০৪টি অভিযোগের নিষ্পত্তি করা হয়। ০৩টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয়।

নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে কিশোরগঞ্জ সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি), জয়দেবপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি), বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ডের সদস্য সচিব এবং নিবন্ধন পরিদপ্তরের মহাপরিদর্শকের বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে ভূমি মন্ত্রণালয়ের উপ-সচিব, লক্ষ্মীপুরের চরশাহী ইসলামিয়া আলীম হাজির মাদ্রাসার অধ্যক্ষ এবং কিশোরগঞ্জ সদর উপজেলার সাব-রেজিস্ট্রারের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

শুনানীতে অংশ নেন প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান, তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার এবং তথ্য কমিশনার অধ্যাপক ড. খুরশীদা বেগম সাঈদ।

স্বাঃ-

(লিটন কুমার প্রামাণিক)
জনসংযোগ কর্মকর্তা
তথ্য কশিমন
ফোন-৯১৩৭৩৩২
মোঃ ০১৭১০-৪৩৭২৬৬
E-mail: pro@infocom.gov.bd